



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.raishahieducationboard.gov.bd, রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

বিজ্ঞপ্তি নম্বর- রাশিবো/বৃত্তি-০৪

তারিখ : ২২ জুলাই ২০১৯ খ্রি:

বৃত্তি/মেধাবৃত্তি প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা রাজশাহী বিভাগের সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত বৃত্তি/মেধাবৃত্তি খাতে ২০১৮-২০১৯ অর্থবছরে বরাদ্দকৃত অর্থ জরুরীভিত্তিতে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হবে। কাজেই বর্তমানে অধ্যয়নরত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের প্রতিষ্ঠান প্রধানগণ বৃত্তির টাকা উত্তোলনের জন্য সরকারি হিসাবরক্ষণ অফিস কর্তৃক সরবরাহকৃত বিল ফরমে (সংযুক্তি টি.আর. ফরম নম্বর ৩৩) বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য, সমন্বিত বিল ফরমে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন, জেলা শিক্ষা অফিসার/উপজেলা শিক্ষা অফিসারের প্রতিশ্রুতির ও বৃত্তির গেজেট বিজ্ঞপ্তিসহ আগামী ০৬/০৮/২০১৯ তারিখের মধ্যে দুই কপি আবেদনসহ অফিস চলাকালিন সময়ে সরাসরি বোর্ডের বৃত্তি ও সিলেবাস (কক্ষ নম্বর-১০৩, পুরাতন ভবন) শাখায় দাখিল করার জন্য অনুরোধ করা হলো। বর্তমানে অধ্যয়নরত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের প্রতিষ্ঠান প্রধানগণ বৃত্তির টাকা উত্তোলনের জন্য বর্তমানে অধ্যয়নাধীন এলাকার শিক্ষা বোর্ডে আবেদন করবেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক গত ২৬/০৫/২০১৯ তারিখের ৩৭.০২.০০০০.১১৭.৩৪.০০১.১৯-১৫৭ সংখ্যক স্মারকের তামাদী মঞ্জুরীর আদেশ অনুযায়ী তামাদীকৃত বৃত্তির অর্থ একইভাবে বিতরণ করা হবে। উল্লেখ্য, নির্ধারিত তারিখের মধ্যে আবেদন দাখিল করতে ব্যর্থ হলে বৃত্তি প্রদান করা সম্ভব হবে না।

বি:দ্র:

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা সম্বলিত টি.আর. ফরম নম্বর ৩৩ ফরমটি (সংযুক্তি নমুনা অনুযায়ী) MS Excel-এ ইংরেজীতে ডাটা কম্পোজ করে উল্লিখিত সময়ের মধ্যে একটি সফটকপি info@raishahieducationboard.gov.bd ঠিকানায় ই-মেইল পাঠানোর অনুরোধ করা হল।

চেয়ারম্যানের আদেশক্রমে-


(এস. এম. গোলাম আজম) ২২/০৭/২০১৯

প্রধান মূল্যায়ন অফিসার (চলতি দায়িত্ব)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী